অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল এর বিবৃতি

"আজ আমাদের স্টেট মেজর Sorffly Davius (সরফলি ডেভিয়াস)-এর মৃত্যুতে শোকপ্রকাশ করছে, যিনি গত 6 মার্চ কুয়েতের ক্যাম্প বুহরিয়েং-এ দেশের সেবা করা অবস্থায় মৃত্যুবরণ করেছেন। মেজর Davius (ডেভিয়াস) প্রতিটি অর্থেই ছিলেন একজন "সিটিজেন সোলজার" বা "নাগরিক সৈনিক"। একজন নিবেদিতপ্রাণ NYPD অফিসার এবং সেনাবাহিনীতে পদকপ্রাপ্ত একজন অভিজ্ঞ সৈনিক হিসেবে তিনি তার পুরো কর্মজীবন অন্যদের রক্ষা করার কাজে ব্যয় করেছেন। তার বিদেশে মোতায়েনের আগে, তিনি জয়েন্ট টাস্ক ফোর্স এম্পায়ার শিল্ড-এ বিশেষ কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি স্টেটের অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থানগুলোকে বিভিন্ন হুমকি থেকে রক্ষা করেছেন।

তার জীবন আমাদের ন্যাশনাল গার্ড সদস্যদের অসাধারণ ত্যাগের একটি শক্তিশালী স্মারক, যারা নাগরিক, জরুরি উদ্ধারকর্মী এবং সৈনিক—এই সবকটি ভূমিকার মধ্যে ভারসাম্য বজায় রেখে চলেন। মেজর Davius (ডেভিয়াস) একজন একনিষ্ঠ স্বামী এবং পিতা ছিলেন। আমি ব্যক্তিগতভাবে তার স্ত্রীর কাছে আমার গভীর সমবেদনা প্রকাশ করেছি এবং তার পরিবার, সহকর্মী এবং তাকে চিনতেন এমন সকলকে আমার ভাবনায় রাখব। আমরা দেশে এবং বিদেশে আমাদের সুরক্ষায় নিয়োজিত প্রতিটি সামরিক সদস্য এবং জরুরি সেবা কর্মীদের নিরাপত্তার জন্য প্রার্থনা অব্যাহত রাখছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন